স্মারক নং ঃ পদ/পক/এইচ. আর এন্ড এডমিন/২০২২/৩২২০

তারিখ ঃ ২৪/০৮/২০২২ খ্রিষ্টাব্দ

# অফিস সার্কুলার

## চলতি ২০২২-২৩ অর্থবছরে সংস্থার বেতন কাঠামো রিভিশন, বর্তমানে কর্মরত কর্মীদের বেতন সমন্বয় প্রদান ও সমন্বয় পরবর্তী বেতনের সঙ্গে KPI ভিত্তিক Yearly Performance মূল্যায়ন পূর্বক Performance এর ধরণ অনুসারে বার্ষিক ইনক্রিমেন্ট অনুমোদন প্রসঙ্গে

**ক.** দেশের চলমান মুদ্রাস্ফীতি ও দ্রব্য মূল্যের ক্রমাগত উর্ধ্বগতির সঙ্গে কর্মীদের জীবনযাত্রার ব্যয় সমন্বয় সাধন, সমসাময়িক অন্যান্য এনজিও'র বেতন কাঠামোর সঙ্গে সামঞ্জস্যতা বিধান, মাইক্রোফিন্যান্স সেক্টরে অপেক্ষাকৃত মেধাবী ও যোগ্য প্রার্থীদের Hire, কর্মীদের ড্রপ আউট হার নিয়ন্ত্রণ, অটোমেশন বাস্তবায়ন, স্টাফ প্রোডাকটিভিটি বৃদ্ধির মাধ্যমে সংস্থার আয় বৃদ্ধি, কর্মীদের কর্মসন্তুষ্টি বজায় প্রভৃতি বিবেচনায় গত ২৭/০৬/২০২২ খ্রিষ্টাব্দ তারিখে অনুষ্ঠিত নির্বাহী পরিষদের ৩৭৫তম সভায় ২০২২-২৩ অর্থবছরে সংস্থার বেতন কাঠামো রিভিশন ও বর্তমানে কর্মরত কর্মীদের বেতন বৃদ্ধি কার্যকর করার বিষয় অনুমোদিত হয়েছে।

**খ.** নির্বাহী পরিষদ সভার সিদ্ধান্ত ও এতদ্ সংক্রান্ত চূড়ান্ত প্রস্তাবনা অনুমোদন অনুসারে সংস্থার বেতন কাঠামো রিভিশন, বর্তমানে কর্মরত কর্মীদের বেতন সমন্বয় প্রদান ও বার্ষিক ইনক্রিমেন্ট কার্যকর করার ক্ষেত্রে নিম্নে উল্লেখিত পদ্ধতি/বিষয় অনুসরণ করতে হবে ঃ

**খ.১** সংস্থার বর্তমান পে-স্কেল এর XII নং গ্রেডভুক্ত "কমিউনিটি ম্যানেজার" পদে কর্মরত চাকুরেদের শিক্ষাগত যোগ্যতার ভিত্তিতে **"কমিউনিটি ম্যানেজার-১"** এবং **"কমিউনিটি ম্যানেজার-২"** ক্যাটাগরিতে বিভক্ত করা হয়েছে এবং ০১ জুলাই ২০২২ খ্রিস্টাব্দ থেকে অত্র ক্যাটাগরির আলোকে নিয়োগ কার্য সম্পাদন করা হবে।

**খ.২** পে-স্কেলের গ্রেড নং XII তে কমিউনিটি ম্যানেজার পদমর্যাদা/সমমানের অন্যান্য যেসব পদবী (টেকনিক্যাল স্টাফ/কম্পিউটার অপারেটর/ইলেকট্রিশিয়ান/প্রোগ্রাম অ্যাসিসট্যান্ট/টেকনিক্যাল অ্যাসিসট্যান্ট/ড্রাইভার/স্পিড বোট ড্রাইভার) আছে এবং এসব পদে যারা কর্মরত আছে তাদের মধ্যে যাদের শিক্ষাগত যোগ্যতা স্নাতক/স্নাতকোত্তর বা সমমান পাশ তারা **"কমিউনিটি ম্যানেজার-১"** এর বেতন ক্যাটাগরিতে এবং যাদের শিক্ষাগত যোগ্যতা এইচ.এস.সি বা সমমান বা এর নীচে তারা **"কমিউনিটি ম্যানেজার-২"** এর বেতন ক্যাটাগরিতে অন্তর্ভুক্ত হবে।

**খ.৩** কমিউনিটি ম্যানেজার পদবীটি শিক্ষাগত যোগ্যতার ভিত্তিতে দু'টি ক্যাটাগরিতে বিভক্ত করার পাশাপাশি তাদের বেতন কাঠামো আলাদাভাবে নির্ধারণ করার ফলে চলমান **শিক্ষা ভাতা (স্নাতক-পাস/সম্মান বা সমমান দের মাসে ৪০০/- টাকা, স্নাতকোত্তর বা সমমান দের মাসে ৬০০/- টাকা হারে) বাতিল** করা হলো, যা ০১ জুলাই, ২০২২ খ্রিস্টাব্দ থেকে কার্যকর হবে।

**খ.৪ পে-স্কেল, ২০২১-২২ রিভিউ করে গ্রেড/পদবী ভিত্তিক যোগদান ও নিয়মিত সময়কার বেতন কাঠামো পুনর্নির্ধারণ করার ফলে বর্তমানে কর্মরত কর্মীদের বেতন সমন্বয় / বার্ষিক বৃদ্ধি নিম্নোক্তভাবে কার্যকর হবে-**

**খ.৪.১** পে-স্কেলের গ্রেড নং I (নির্বাহী পরিচালক) থেকে VII (সিনিয়র সহকারী পরিচালক/রিজিওনাল ম্যানেজার) এবং XIII (অফিস সহকারী/নিরাপত্তারক্ষী) এর যোগদান ও নিয়মিতকালীন বেতন ৬% হারে বৃদ্ধি করে বেতন কাঠামো পুনর্নির্ধারণ করার ফলে অত্র গ্রেড সমূহের আওতায় বর্তমানে কর্মরত সকল শিক্ষানবিশ ও নিয়মিত কর্মীদের বর্তমান মাসিক মোট বেতনের (Monthly Gross Salary'র) উপর ৬% হারে বেতন সমন্বয় প্রদান প্রযোজ্য হবে।

**খ.৪.২** গ্রেড নং VIII (সহকারী পরিচালক / জোনাল ম্যানেজার বা সমমান অন্যান্য পদ) এর যোগদানকালীন বেতন ৫,৬৪৯/- টাকা (১৪.৭৬%) এবং নিয়মিতকালীন বেতন ৬,৪৫৭/- টাকা (১৫.৪৭%) বৃদ্ধি করে বেতন কাঠামো পুনর্নির্ধারণ করার ফলে অত্র গ্রেডের আওতায় বর্তমানে কর্মরত সকল শিক্ষানবিশ কর্মীদের ক্ষেত্রে ৫,৬৪৯/- টাকা এবং নিয়মিত কর্মীদের ক্ষেত্রে ৬,৪৫৭/- টাকা করে স্ব স্ব চাকুরের বর্তমান মাসিক মোট বেতনের (Monthly Gross Salary'র) সঙ্গে বেতন সমন্বয় প্রদান প্রযোজ্য হবে।

**খ.৪.৩** গ্রেড নং IX (সিনিয়র ব্যবস্থাপক / এরিয়া ম্যানেজার বা সমমান অন্যান্য পদ) এর যোগদানকালীন বেতন ৫,৬৪৯/- টাকা (১৮.৭০%) এবং নিয়মিতকালীন বেতন ৬,৪৫৭/- টাকা (১৯.১৭%) বৃদ্ধি করে বেতন কাঠামো পুনর্নির্ধারণ করার ফলে অত্র গ্রেডের আওতায় বর্তমানে কর্মরত সকল শিক্ষানবিশ কর্মীদের ক্ষেত্রে ৫,৬৪৯/- টাকা এবং নিয়মিত কর্মীদের ক্ষেত্রে ৬,৪৫৭/- টাকা করে স্ব স্ব চাকুরের বর্তমান মাসিক মোট বেতনের (Monthly Gross Salary'র) সঙ্গে বেতন সমন্বয় প্রদান প্রযোজ্য হবে।

**খ.৪.৪** গ্রেড নং X (ব্যবস্থাপক / ব্রাঞ্চ ম্যানেজার বা সমমান অন্যান্য পদ) এর যোগদানকালীন বেতন ২৩.২০% হারে ৫,৬৪৯/- টাকা এবং নিয়মিতকালীন বেতন ২৩.২০% হারে ৬,৪৫৭/- টাকা বৃদ্ধি করে বেতন কাঠামো পুনর্নির্ধারণ করার ফলে ব্যবস্থাপক / ব্রাঞ্চ ম্যানেজার পদের যোগদানকালীন বেতন ৩০,০০০/- টাকা এবং নিয়মিতকালীন বেতন ৩৪,২৮৭/- টাকা হয়েছে। এক্ষেত্রে অত্র গ্রেডের আওতায় বর্তমানে কর্মরত সকল শিক্ষানবিশ কর্মীদের ক্ষেত্রে ৫,৬৪৯/- টাকা এবং নিয়মিত কর্মীদের ক্ষেত্রে ৬,৪৫৭/- টাকা করে স্ব স্ব চাকুরের বর্তমান মাসিক মোট বেতনের (Monthly Gross Salary'র) সঙ্গে বেতন সমন্বয় প্রদান প্রযোজ্য হবে।

**খ.৪.৫** গ্রেড নং XI (সহকারী ব্যবস্থাপক/সহকারী ব্রাঞ্চ ম্যানেজার-হিসাব/সহকারী ব্রাঞ্চ ম্যানেজার-লোন বা সমমান অন্যান্য পদ) এর যোগদানকালীন বেতন ২১.৬২% হারে ৪,৪৪৪/- টাকা ও নিয়মিতকালীন বেতন ২১.৬২% হারে ৫,১৬২/- টাকা বৃদ্ধি করে বেতন কাঠামো পুনর্নির্ধারণ করার ফলে সহকারী ব্যবস্থাপক/সহকারী ব্রাঞ্চ ম্যানেজার-হিসাব/সহকারী ব্রাঞ্চ ম্যানেজার-লোন পদের যোগদানকালীন বেতন ২৫,০০০/- টাকা এবং নিয়মিতকালীন বেতন ২৯,০৩৯/- টাকা হয়েছে। এক্ষেত্রে অত্র গ্রেডের আওতায় বর্তমানে কর্মরত সকল শিক্ষানবিশ কর্মীদের ক্ষেত্রে ৪,৪৪৪/- টাকা এবং নিয়মিত কর্মীদের ক্ষেত্রে ৫,১৬২/- টাকা করে স্ব স্ব চাকুরের বর্তমান মাসিক মোট বেতনের (Monthly Gross Salary'র) সঙ্গে বেতন সমন্বয় প্রদান প্রযোজ্য হবে।

**খ.৪.৬** অনুচ্ছেদ নং **খ.১** এর বর্ণনার আলোকে গ্রেড নং XII (কমিউনিটি ম্যানেজার) এর আওতায় শিক্ষাগত যোগ্যতার ভিত্তিতে **কমিউনিটি ম্যানেজার-১** (স্নাতক/স্নাতকোত্তর বা সমমান পাশ) পদের যোগদান ও নিয়মিতকালীন বেতন ১৮.৯১% হারে বৃদ্ধি করে বেতন কাঠামো পুনর্নির্ধারণ করার ফলে কমিউনিটি ম্যানেজার-১ পদের যোগদানকালীন বেতন ২২,০০০/- টাকা এবং নিয়মিতকালীন বেতন ২৩,৮৮০/- টাকা হয়েছে। এক্ষেত্রে অত্র ক্যাটাগরির আওতায় বর্তমানে কর্মরত সকল শিক্ষানবিশ ও নিয়মিত কর্মীদের বর্তমান মাসিক মোট বেতনের (Monthly Gross Salary'র) উপর **১৮.৯১% হারে** বেতন সমন্বয় প্রদান প্রযোজ্য হবে।

অপরদিকে, **কমিউনিটি ম্যানেজার-২** (এইচ.এস.সি বা সমমান পাশ) পদের যোগদান ও নিয়মিতকালীন বেতন ৮.১০% হারে বৃদ্ধি করে বেতন কাঠামো পুনর্নির্ধারণ করার ফলে কমিউনিটি ম্যানেজার-২ পদের যোগদানকালীন বেতন ২০,০০০/- টাকা এবং নিয়মিতকালীন বেতন ২১,৭০৯/- টাকা হয়েছে। এক্ষেত্রে অত্র ক্যাটাগরির আওতায় বর্তমানে কর্মরত সকল শিক্ষানবিশ ও নিয়মিত কর্মীদের বর্তমান মাসিক মোট বেতনের (Monthly Gross Salary'র) উপর **৮.১০% হারে** বেতন সমন্বয় প্রদান প্রযোজ্য হবে।

**খ.৪.৭** গ্রেড নং XII এর আওতায় বর্তমানে ড্রাইভার/ইলেকট্রিশিয়ান/টেকনিক্যাল অ্যাসিসট্যান্ট/স্পিড বোট ড্রাইভার/সমমান পদে কর্মরতদের শিক্ষাগত যোগ্যতা ও কারিগরি দক্ষতা বিবেচনায় তাদের বেতন কমিউনিটি ম্যানেজার-২ এর আলোকে যোগদান ও নিয়মিতকালীন বেতন ৮.১০% হারে বৃদ্ধি করে বেতন কাঠামো পুনর্নির্ধারণ করার ফলে তাদের যোগদানকালীন বেতন ২০,০০০/- টাকা এবং নিয়মিতকালীন বেতন ২১,৭০৯/- টাকা হয়েছে। এক্ষেত্রে অত্র পদসমূহের আওতায় বর্তমানে কর্মরত সকল শিক্ষানবিশ ও নিয়মিত কর্মীদের বর্তমান মাসিক মোট বেতনের (Monthly Gross Salary'র) উপর **৮.১০% হারে** বেতন সমন্বয় প্রদান প্রযোজ্য হবে।


+৮৮০ ২ ৫৮১৫১১২৬, ০১৭৭৭৭৯১১২২
+880 2 58151126, 01777791122
info@padakhep.org
www.padakhep.org
বাড়ি নং: ৫৪৮, রোড নং: ১০, বায়তুল আমান হাউজিং সোসাইটি, আদাবর, ঢাকা-১২০৭
House # 548, Road # 10, Baitul Aman Housing Society, Adabar, Dhaka-1207

**খ.৪.৮** মানব সম্পদ ও প্রশাসন বিভাগে সংরক্ষিত স্ব স্ব কর্মীর ব্যক্তিগত নথির তথ্য মোতাবেক পে-স্কেলের গ্রেড নং XII এর আওতায় বর্তমানে কর্মরত কমিউনিটি ম্যানেজার/ড্রাইভার/ইলেকট্রিশিয়ান/টেকনিক্যাল অ্যাসিসট্যান্ট দের শিক্ষাগত যোগ্যতার ভিত্তিতে **"কমিউনিটি ম্যানেজার-১"** এর আওতাভুক্ত কর্মীদের তালিকা এবং **"কমিউনিটি ম্যানেজার-২"** এর আওতাভুক্ত কর্মীদের তালিকা **সংযুক্তি** আকারে প্রেরণ করা হলো। তালিকায় উল্লেখিত কর্মীদের অনুচ্ছেদ নং **খ.৪.৬ ও খ.৪.৭** এর বর্ণনা অনুযায়ী বেতন সমন্বয় সুবিধা প্রদান প্রযোজ্য হবে।

**খ.৪.৯** সংযুক্তি তালিকা অনুযায়ী "কমিউনিটি ম্যানেজার-২/ড্রাইভার/ইলেকট্রিশিয়ান/টেকনিক্যাল অ্যাসিসট্যান্ট/সমমান অন্যান্য" পদে বর্তমানে কর্মরত কোন কর্মী / ভবিষ্যতে নতুন যোগদানকৃত কোন কর্মী কর্মকালীন সময়ে স্নাতক / স্নাতকোত্তর বা সমমান ডিগ্রী অর্জন করে থাকেন, তবে সর্বশেষ শিক্ষাগত যোগ্যতা অর্জনের প্রমাণপত্র হিসেবে মূল নম্বরপত্র ও সনদপত্রের সত্যায়িত (তত্ত্বাবধায়ক কর্তৃক) অনুলিপি সংযুক্ত করত: যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে নির্বাহী পরিচালক বরাবর আবেদন প্রেরণ সাপেক্ষে মানব সম্পদ ও প্রশাসন বিভাগ থেকে তাকে **"কমিউনিটি ম্যানেজার-১"** এর বেতন ক্যাটাগরিতে অন্তর্ভুক্ত করা হবে এবং তার আলোকে প্রযোজ্য আর্থিক সুবিধা প্রাপ্য হবে।

**খ.৫** সংস্থার ক্ষুদ্রঅর্থায়ন কর্মসূচীর মাঠ পর্যায়ের বিভিন্ন জোন / এরিয়া / ব্রাঞ্চ অফিস ও প্রধান কার্যালয়ের বিভিন্ন বিভাগ / ব্যবস্থাপনা ইউনিট সমূহের আওতায় বর্তমানে কর্মরত নিয়মিত এবং নিয়মিত পদের বিপরীতে নিযুক্ত প্রবেশনারী / শিক্ষানবিশ প্রত্যেক কর্মকর্তা / কর্মীর বর্তমান **অর্থাৎ জুন, ২০২২ মাস শেষে প্রাপ্ত** মাসিক মোট বেতনের **(Monthly Gross Salary'র)** উপর ০১/০৭/২০২২ খ্রিষ্টাব্দ তারিখ থেকে **গ্রেড/পদবী ভিত্তিক উপর্যুক্ত হারে (খ.৪.১ থেকে খ.৪.৯ এর বর্ণনা অনুযায়ী) বেতন সমন্বয় প্রদান প্রযোজ্য হবে।** অর্থাৎ মাসিক বেতনের বাহিরে প্রদত্ত অন্যান্য সকল প্রকার ভাতা ব্যতিত একজন কর্মীর মাসিক মোট বেতনের (Monthly Gross Salary'র) উপর বর্ণিত হারে বেতন সমন্বয় প্রদান প্রযোজ্য হবে।

**খ.৬** উপর্যুক্ত বর্ণনা অনুযায়ী গ্রেড/পদবী ভিত্তিক নির্ধারিত হারে বেতন সমন্বয় প্রদান পরবর্তী বেতনের সঙ্গে স্ব স্ব কর্মীর ইনক্রিমেন্ট প্রযোজ্য তারিখ থেকে KPI ভিত্তিক Yearly Performance মূল্যায়ন পূর্বক Performance এর ধরণ অনুসারে **বিভিন্ন হারে (০% থেকে ১৫% পর্যন্ত) বার্ষিক ইনক্রিমেন্ট প্রদান করা হবে।** অর্থাৎ সংশ্লিষ্ট কর্মী ২০২১-২২ অর্থবছরের বার্ষিক ইনক্রিমেন্ট অথবা চাকুরি নিয়মিতকরন যে মাস/ তারিখে পেয়েছিলেন, চলতি ২০২২-২৩ অর্থবছরের সে মাস/তারিখে KPI ভিত্তিক Yearly Performance মূল্যায়ন পূর্বক Performance এর ধরণ অনুসারে প্রযোজ্য হারে (০% থেকে ১৫% পর্যন্ত) বার্ষিক ইনক্রিমেন্ট প্রাপ্য হবে।

উপরোক্ত **খ.৫ এবং খ.৬** এর নিয়মানুসারে বেতন সমন্বয় ও বার্ষিক বেতন বৃদ্ধি কার্যকর করা হলে কোন কর্মী ০১ জুলাই, ২০২২ খ্রিষ্টাব্দ তারিখ থেকে বেতন সমন্বয় ও বার্ষিক ইনক্রিমেন্ট একত্রে প্রাপ্য হবেন, আবার কোন কর্মী ০১ জুলাই, ২০২২ খ্রিষ্টাব্দ তারিখ থেকে বেতন সমন্বয় সুবিধা পেলেও প্রযোজ্য হারে বার্ষিক ইনক্রিমেন্ট পাবেন তার ইনক্রিমেন্ট কার্যকরের নির্ধারিত মাস / তারিখ থেকে।

**খ.৭** বেতন কাঠামো রিভিশনের ফলে বেতন স্কেলের আওতাভুক্ত বিভিন্ন পদে ০১ জুলাই, ২০২২ খ্রিষ্টাব্দ তারিখে বা এরপর থেকে যে যেই তারিখে সংস্থায় যোগদান করেছেন বা করবেন তার বেলায় সেই যোগদানের তারিখ থেকে পরিবর্তিত পে-স্কেল অনুসারে বর্ধিত বেতন সুবিধা কার্যকর প্রযোজ্য হবে।

**খ.৮** অপরদিকে, ০১ জুলাই, ২০২২ খ্রিস্টাব্দ তারিখ বা এরপর থেকে নতুন যোগদানকৃত কর্মীদের মধ্যে যাদের নিয়োগপত্র পুনর্গঠিত পে-স্কেল, ২০২২-২৩ এর আলোকে প্রদান করা হবে তাদের বেলায় কোন প্রকার বেতন সমন্বয় প্রদান প্রযোজ্য হবে না।

**খ.৯** ইতোমধ্যে ০১ জুলাই, ২০২২ খ্রিষ্টাব্দ তারিখ থেকে চাকুরি নিয়মিত / পদোন্নতি / পদায়ন / পদাবনতি কার্যকর করে যাদেরকে চিঠি ইস্যু করা হয়েছে তাদের বেলায় চাকুরি নিয়মিত / পদোন্নতি / পদায়ন / পদাবনতি পরবর্তী পদ ও বেতনের উপর ০১ জুলাই, ২০২২ খ্রিস্টাব্দ তারিখ থেকে গ্রেড/ পদবী ভিত্তিক নির্ধারিত হারে বেতন সমন্বয় কার্যকর হবে।


+৮৮০ ২ ৫৮১৫১১২৬, ০১৭৭৭৭৯১১২২
+880 2 58151126, 01777791122
info@padakhep.org
www.padakhep.org
বাড়ি নং: ৫৪৮, রোড নং: ১০, বায়তুল আমান হাউজিং সোসাইটি, আদাবর, ঢাকা-১২০৭
House # 548, Road # 10, Baitul Aman Housing Society, Adabar, Dhaka-1207

**খ.১০** অপরদিকে, ০১ জুলাই, ২০২২ খ্রিষ্টাব্দ তারিখের পর বিভিন্ন মাস/তারিখে যাদের চাকুরি নিয়মিত/পদোন্নতি/পদায়ন/পদাবনতি কার্যকর করে ইতোমধ্যে চিঠি ইস্যু করা হয়েছে তাদের বেলায় চাকুরি নিয়মিত / পদোন্নতি / পদায়ন / পদাবনতি পূর্ববর্তী পদ ও বেতনের উপর ০১ জুলাই, ২০২২ খ্রিষ্টাব্দ থেকে গ্রেড/পদবী ভিত্তিক নির্ধারিত হারে বেতন সমন্বয় কার্যকর হবে। আর এরপর যে মাস / তারিখ থেকে যে পদ ও বেতনে চাকুরি নিয়মিত / পদোন্নতি / পদায়ন / পদাবনতি কার্যকর হয়েছে সে মাস / তারিখ থেকে পরিবর্তিত পদ ও বেতনের উপর গ্রেড/পদবী ভিত্তিক নির্ধারিত হারে বেতন সমন্বয় প্রদান প্রযোজ্য হবে। অর্থাৎ তারা চাকুরি নিয়মিত / পদোন্নতি / পদায়ন / পদাবনতি কার্যকর হবার আগ পর্যন্ত পূর্ববর্তী পদ ও বেতনের উপর ০১ জুলাই, ২০২১ খ্রিষ্টাব্দ থেকে গ্রেড/পদবী ভিত্তিক নির্ধারিত হারে বেতন সমন্বয় প্রাপ্য হবে এবং চাকুরি নিয়মিত / পদোন্নতি / পদায়ন / পদাবনতি কার্যকর হবার তারিখ থেকে পরবর্তী পদ ও বেতনের উপর গ্রেড/পদবী ভিত্তিক নির্ধারিত হারে বেতন সমন্বয় প্রাপ্য হবে।

**খ.১১** বিগত বা চলতি অর্থবছরের মধ্যবর্তী কোন সময়ে কোন কর্মীর পদোন্নতি/পদায়ন/অন্য কোনভাবে মূল্যায়িত হয়ে থাকলেও যে মাস/তারিখে উক্ত কর্মী বিগত অর্থবছরের বার্ষিক ইনক্রিমেন্ট প্রাপ্ত হয়েছিলেন চলতি অর্থবছরের সে মাস/তারিখ অনুযায়ী চলতি ২০২২-২৩ অর্থবছরে KPI ভিত্তিক Yearly Performance মূল্যায়ন পূর্বক Performance এর ধরণ অনুসারে প্রযোজ্য হারে (০% থেকে ১৫% পর্যন্ত) বার্ষিক ইনক্রিমেন্ট প্রাপ্ত হবেন।

**খ.১২** অফিস ও ছুটি ব্যবস্থাপনা সংক্রান্ত নির্দেশিকা-২০১৪ এর ৬.৬.৬ ধারা মোতাবেক বিনা বেতনে অসাধারণ ছুটি ভোগকারী কর্মীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট কর্মী যতদিন বিনা বেতনে ছুটি ভোগ করেছেন বার্ষিক ইনক্রিমেন্ট প্রাপ্তির বর্তমান নির্ধারিত তারিখ থেকে ততদিন পিছিয়ে দিয়ে বার্ষিক ইনক্রিমেন্ট প্রাপ্তির পরিবর্তিত তারিখ নির্ধারণ পূর্বক এ বছরের বার্ষিক ইনক্রিমেন্ট সুবিধা প্রদান করা হবে।

**খ.১৩** সংস্থার নিয়মিত প্রোগ্রাম বিবেচনায় হাওর (হিজল) কর্মসূচীর আওতায় কর্মরত কর্মীদের বেতন বৃদ্ধি বর্ণিত নিয়মে কার্যকর হবে।

**খ.১৪** সংস্থার নিয়মিত ব্যবস্থাপনা ইউনিট / প্রোগ্রাম বিবেচনায় প্রোগ্রাম ডেভলপমেন্ট এন্ড ইমপ্লিমেন্টেশন সেল (PD&IC), পদক্ষেপ ইনষ্টিটিউট অব ডেভলপমেন্ট এন্ড ম্যানেজমেন্ট (PIDM) ও পদক্ষেপ প্রিন্টিং এন্ড প্যাকেজিং (PPP) এর আওতায় বিভিন্ন পদে কর্মরত অনিয়মিত/চুক্তিভিত্তিক কর্মীদের বেতন বৃদ্ধির ক্ষেত্রে বর্তমান মাসিক মোট বেতনের (Monthly Gross Salary'র) উপর Inflation Adjustment হিসেবে ৬% হারে বেতন সমন্বয় প্রদান এবং সমন্বয় পরবর্তী বেতনের সঙ্গে স্ব স্ব কর্মীর ইনক্রিমেন্ট প্রযোজ্য তারিখ থেকে KPI ভিত্তিক Yearly Performance মূল্যায়ন পূর্বক Performance এর ধরণ অনুসারে বিভিন্ন হারে (০% থেকে ১৫% পর্যন্ত) বার্ষিক ইনক্রিমেন্ট প্রদান করা হবে।

**খ.১৫** এছাড়া প্রধান কার্যালয় ও মাঠ পর্যায়ে নিয়োজিত অন্যান্য অনিয়মিত / চুক্তিভিত্তিক কর্মী (অ্যাডভাইজার, লিগ্যাল অ্যাডভাইজার, এস্টেট অফিসার, ইমাম, অফিস সহকারী, সিকিউরিটি গার্ড, গার্ডেনার ও ক্লিনার) দের ক্ষুদ্রঅর্থায়ন কর্মসূচীর অন্যান্য কর্মীদের ন্যায় Inflation Adjustment হিসেবে ৬% হারে বেতন সমন্বয় প্রদান করা হবে এবং সমন্বয় পরবর্তী বেতনের সঙ্গে স্ব স্ব কর্মীর ইনক্রিমেন্ট প্রযোজ্য তারিখ থেকে KPI ভিত্তিক Yearly Performance মূল্যায়ন পূর্বক Performance এর ধরণ অনুসারে বিভিন্ন হারে (০% থেকে ১৫% পর্যন্ত) বার্ষিক ইনক্রিমেন্ট কার্যকর প্রযোজ্য হবে। তবে অ্যাডভাইজার, লিগ্যাল অ্যাডভাইজার, এস্টেট অফিসার, ইমাম, গার্ডেনার ও ক্লিনার পদে নিয়োজিত অনিয়মিত / চুক্তিভিত্তিক কর্মীদের বার্ষিক ইনক্রিমেন্ট প্রদানের ক্ষেত্রে KPI ভিত্তিক Yearly Performance মূল্যায়ন না করে সংশ্লিষ্ট কর্মীদের আবেদন ও অন্যান্য আনুষঙ্গিক বিষয়াদি বিবেচনা পূর্বক ব্যবস্থাপনা কর্তৃপক্ষ কর্তৃক আলাদাভাবে সিদ্ধান্ত গ্রহণ করা হবে।

**খ.১৬** প্রোগ্রাম উইং, এন্টারপ্রাইজ উইং ও মাইক্রোফিন্যান্স উইংয়ের আওতায় বাস্তবায়িত বিভিন্ন প্রকল্পের (সমৃদ্ধি, প্রসপারিটি, ECCCP- Flood, IPCP, SEP-Salt, SEP-Handicrafts, SEP-Street Food, Out of School Children, VGD, EHCLB, STI and HIV, UPHCSDP-II, RMTP, RAISE প্রভৃতি) আওতায় প্রকল্প মেয়াদে প্রকল্প বাজেটের বিপরীতে নিয়োজিত প্রকল্প কর্মীদের বেলায় এতদ্ সংক্রান্ত বেতন বৃদ্ধি সুবিধা প্রযোজ্য হবে না। তবে এসব প্রকল্পে দায়িত্ব পালনের জন্য প্রেষণে নিযুক্ত নিয়মিত কর্মীগণ (যদি থাকে), তাদের বেলায় এ বর্ধিত বেতন সুবিধা বর্ণিত নিয়ম অনুসরণ পূর্বক কার্যকর হবে।

**খ.১৭** অফিস স্মারক নং পদ/পক/এইচ. আর এন্ড এডমিন/২০২১/১১৭৪, তারিখ ঃ ০৩/০৫/২০২১ খ্রিস্টাব্দ অনুসারে মাঠ পর্যায়ে চুক্তিভিত্তিক/মাষ্টার রোলে নিয়োজিত **আয়াদের** বেতন বৃদ্ধির বিষয়টি সংশ্লিষ্ট ব্যবস্থাপনা ইউনিটের সুপারিশ, বাজেট বরাদ্দ ও আনুষঙ্গিক বিষয়াদি বিবেচনা পূর্বক যথাযথ ব্যবস্থাপনা কর্তৃপক্ষ কর্তৃক আলাদাভাবে নির্ধারন করা হয় বিধায় তাদের বেলায় এ বেতন বৃদ্ধি সুবিধা প্রযোজ্য হবে না।

**খ.১৮** ০১ জুলাই, ২০২২ খ্রিষ্টাব্দ তারিখ থেকে বেতন কাঠামো পুনর্গঠনের ফলে পে-স্কেলের সব পদের যোগদান ও নিয়মিত সময়কার মাসিক মোট বেতন গ্রেড/পদবী ভিত্তিক নির্ধারিত হারে বৃদ্ধি পাবার ফলে গ্রেড/পদবী ভিত্তিক পদের মূল বা বেসিক বেতনও নির্ধারিত হারে বৃদ্ধি পেয়েছে। এক্ষেত্রে নিজ পদ অপেক্ষা উচ্চতর পদে ভারপ্রাপ্ত বা ইনচার্জ হিসেবে দায়িত্ব পালনকারী কর্মীদের ইনচার্জ বা দায়িত্ব ভাতাও বর্ণিত হারে বৃদ্ধি পাবে। ফলে বর্তমানে ব্রাঞ্চ ম্যানেজার পদে ভারপ্রাপ্ত বা ইনচার্জ হিসেবে দায়িত্ব পালনকারী (যদি থাকে) কর্মীদের প্রাপ্ত ইনচার্জ বা দায়িত্ব ভাতা ১,৫৩১/- টাকা থেকে ৩৫৫/- টাকা বৃদ্ধি পেয়ে ১,৮৮৬/- টাকা এবং সহকারী ব্রাঞ্চ ম্যানেজার (হিসাব) পদে ভারপ্রাপ্ত বা ইনচার্জ হিসেবে দায়িত্ব পালনকারী (যদি থাকে) কর্মীদের প্রাপ্ত ইনচার্জ বা দায়িত্ব ভাতা ১,৩১৩/- টাকা থেকে ২৮৪/- টাকা বৃদ্ধি পেয়ে ১,৫৯৭/- টাকা হবে। যা ০১ জুলাই, ২০২২ খ্রিষ্টাব্দ তারিখ থেকে কার্যকর হবে।

**খ.১৯** অত্র সার্কুলার জারি হবার পূর্বে যারা সংস্থা হতে পদত্যাগ করেছেন এবং পদত্যাগ কার্যকরের প্রস্তাবনা ইতোমধ্যে অনুমোদিত হয়েছে (পদত্যাগ কার্যকরের তারিখ যাহাই হোক না কেন) তাদেরকে চলতি অর্থবছরের এ বর্ধিত বেতন সুবিধা প্রদান প্রযোজ্য হবে না।

**খ.২০** কর্মকুশলতার (performance) সুনির্দিষ্ট নিম্নমান বিবেচনায় নির্দিষ্ট কোন চাকুরের বেলায় এ বর্ধিত বেতন সুবিধা প্রয়োজনে স্থগিত রাখার ক্ষমতা ব্যবস্থাপনা কর্তৃপক্ষের নিকট সংরক্ষিত থাকবে।

**গ. বর্ণিত শর্তাবলী অনুসারে সংস্থার ক্ষুদ্রঅর্থায়ন কর্মসূচীর মাঠ পর্যায়ের বিভিন্ন জোন / এরিয়া / ব্রাঞ্চ অফিস ও প্রধান কার্যালয়ের বিভিন্ন বিভাগ/ব্যবস্থাপনা ইউনিট সমূহের আওতায় কর্মরত প্রযোজ্য কর্মীদের গ্রেড / পদবী ভিত্তিক নির্ধারিত হারে বেতন সমন্বয় সংক্রান্ত আর্থিক সুবিধা ও এর প্রভাবে ইনচার্জ বা দায়িত্ব ভাতা বৃদ্ধি সংক্রান্ত আর্থিক সুবিধা (Arrear সহ) অত্র অফিস সার্কুলার বলে প্রদান করা যাবে এবং এ লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকল কর্তৃপক্ষকে নির্দেশ দেয়া যাচ্ছে।**

**ঘ. অপরদিকে, সুনির্দিষ্ট Key Performance Indicator (KPI) এর আলোকে কর্মীদের Yearly Performance মূল্যায়ন পূর্বক Performance এর ধরণ অনুসারে বিভিন্ন হারে (০% থেকে ১৫% পর্যন্ত) বার্ষিক ইনক্রিমেন্ট সংক্রান্ত আর্থিক সুবিধা মানব সম্পদ ও প্রশাসন বিভাগ থেকে কর্মী ভিত্তিক চিঠি ইস্যু সাপেক্ষে প্রদান প্রযোজ্য হবে।**

**ঙ.** এই অফিস সার্কুলারের বর্ণিত নির্দেশনা প্রতিপালনের সুবিধার্থে কোনরূপ ব্যাখ্যার প্রয়োজন হলে মানব সম্পদ ও প্রশাসন বিভাগের সাথে যোগাযোগ করা যেতে পারে।

**চ.** কর্মীদের চলতি ২০২২-২৩ অর্থবছরের বেতন বৃদ্ধি সংক্রান্ত আর্থিক সুবিধা প্রদানের ক্ষেত্রে বর্ণিত শর্তাবলীর কোনরূপ ব্যত্যয় বা অনিয়ম পরিলক্ষিত হলে এবং নিরীক্ষা, তদন্ত বা মনিটরিংকালে এরূপ কোন অনিয়ম বা অসংগতি উদঘাটিত হলে সংশ্লিষ্ট তত্ত্বাবধায়কদের বিরুদ্ধে প্রয়োজনীয় প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে এবং নিয়ম ভেঙ্গে প্রদানকৃত সমুদয় অর্থ দায়ী তত্ত্বাবধায়কদের নিকট থেকে আদায় করা হবে।

**কর্মীদের জীবনযাত্রার ব্যয় নির্বাহের ক্ষেত্রে এ বেতন বৃদ্ধি সহায়ক হবে বিধায় তারা স্বীয় দায়িত্ব প্রতিপালনের প্রতি আরো বেশি অনুপ্রাণিত হবে, যা সংস্থার অভীষ্ঠ লক্ষ্য অর্থাৎ চলতি অর্থবছরের বিজনেস প্লান অর্জনে সহায়ক ভূমিকা রাখবে বলে কর্তৃপক্ষ আশা করে।**

(মোঃ সালেহ বিন সামস)
নির্বাহী পরিচালক

__অনুলিপি (সদয় অবগতির জন্য)__
প্রেসিডেন্ট মহোদয়, পদক্ষেপ মানবিক উন্নয়ন কেন্দ্র।

__অনুলিপি (ই-মেইলে প্রেরিত হলো)__
১. পরিচালক, মাইক্রোফিন্যান্স উইং এবং ভারপ্রাপ্ত পরিচালক, প্রোগ্রাম উইং ও এন্টারপ্রাইজ উইং, প্রধান কার্যালয়।
২. প্রধান কার্যালয় ও মাঠ পর্যায়ের সংশ্লিষ্ট সকল প্রোগ্রাম / বিভাগ / ব্যবস্থাপনা ইউনিট (কার্যার্থে)।
৩. সহকারী পরিচালক, আইসিটি বিভাগ, প্রধান কার্যালয় **(অফিস সার্কুলারটি সংস্থার ওয়েব সাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য)**।
৪. অফিস কপি।